



# বাংলাদেশ কৃষি ব্যাংক

মানিলভারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও আরএমডি  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন  
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

গণমানুষের ব্যাংক  
dcamlco@krishibank.org.bd  
ফোন : ২২২৩৩৮৪৮৬

সূত্র নং: প্রকা/এএমএল-আরএমডি-৪/২০২৪-২৫/ ৫৭৩৭

তাং: ২২ মে ২০২৫

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা।

মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এর মাধ্যমে)।

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় : CAMLCO সম্মেলন-২০২৫ এ গৃহীত সুপারিশমালা বাস্তবায়ন প্রসঙ্গে।**

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (BFIU) এর উদ্যোগে সকল তফসিলি ব্যাংকের “প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) সম্মেলন-২০২৫” বিগত ১১-১২ এপ্রিল, ২০২৫ তারিখে চট্টগ্রামে অনুষ্ঠিত হয়। সম্মেলনে ব্যাংকসমূহের মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে পরিপালন ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে ২০২৫ সালের কর্মপরিকল্পনা নির্ধারণ করা হয়। সে আলোকে AML-CFT বিষয়ক প্রস্তাবিত সুপারিশমালা বাস্তবায়নে ব্যাংকের মাঠ পর্যায়ের নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ব্যাংকের সকল পর্যায়ে কর্পোরেট সুশাসন নিশ্চিতকরণে কার্যকর ব্যবস্থা গ্রহণ।
- ব্যাংকে সংঘটিত বিভিন্ন অনিয়ম প্রতিরোধে সচেতন থাকা এবং প্রয়োজনে Whistle Blowing ভূমিকা পালন।
- ঋণের প্রকৃত সুবিধাভোগী সনাক্তকরণে শাখা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক সমন্বিত উদ্যোগ গ্রহণ।
- মাঠ পর্যায় থেকে মানসম্পন্ন STR/SAR প্রেরণ নিশ্চিত করা।
- অ্যাপস ভিত্তিক লেনদেন, ফ্রি ল্যান্ডিং হিসাব, স্টুডেন্ট ফাইল, জিএল হিসাবে পে-অর্ডার সংশ্লিষ্ট লেনদেন মনিটরিং-এ যথাযথ গুরুত্বারোপ।
- বিভাগীয়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় ও শাখা পর্যায়ে AML/CFT Compliance নিশ্চিতকরণ।
- আগামী ২০২৭-২৮ সালে অনুষ্ঠিত এপিজি'র ৪র্থ পর্বের মিউচুয়াল ইভালুয়েশন (ME)-এ দেশের AML-CFT বিষয়ক মান উন্নয়নে ব্যাংকের কর্মী হিসেবে এতদসংক্রান্ত নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন।
- অবৈধ ছন্ডি, অনলাইন গেমিং/বেটিং, ক্রিপ্টোকারেন্সি, সাইবার ক্রাইমসহ উদ্ভূত আর্থিক অপরাধ প্রতিরোধ ইত্যাদি বিষয়ে মাঠ পর্যায়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ।
- ঋণ গ্রহীতাদের নিকট থেকে তাদের বিদেশী নাগরিকত্ব/রেসিডেন্সি স্ট্যাটাস ও সম্পদের ডিক্লারেশন নেওয়ার ব্যবস্থা করা।
- ট্রেড লাইসেন্স, আরজেএসসি নিবন্ধন ও অন্যান্য সরকারি সনদের ভেরিফিকেশন নিশ্চিত করা।

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

বিষয় : CAMLCO সম্মেলন-২০২৫ এ গৃহীত সুপারিশমালা বাস্তবায়ন প্রসঙ্গে।

এমতাবস্থায়, CAMLCO সম্মেলন-২০২৫ এ গৃহীত উপরিউক্ত সুপারিশমালা যথাযথ বাস্তবায়নের মাধ্যমে মানিল্ডারিং ও সম্ভ্রাসে অর্থাৎ প্রতিরোধে আপনাদের সক্রিয় ভূমিকা ও আন্তরিক সহযোগিতা কামনা করছি।

অনুমোদনক্রমে



(এফ এম এ রহিম)

উপমহাব্যবস্থাপক

ও

উপপ্রধান মানিল্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা

(DCAMLCO)

সদয় জ্ঞাতার্থে অনুলিপি :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, প্রধান মানিল্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO) ও মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। নথি/মহানথি।



(জান্নাতআরা ফেরদৌস)

সহকারী মহাব্যবস্থাপক